

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৫, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ কার্তিক ১৪৩১/ ৫ নভেম্বর ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.৩২০—সার্ব নারী চ্যাম্পিয়নশিপ ২০২৪ এ শিরোপা জিতেছে বাংলাদেশ নারী ফুটবল দল। এ নিয়ে টুর্নামেন্টের একাধিক্রমে দ্বিতীয় শিরোপা ঘরে তুললো বাংলাদেশ। গত ৩০ অক্টোবর ২০২৪ তারিখে নেপালের দশরথ রঞ্জাশালা স্টেডিয়ামে অনুষ্ঠিত সপ্তম 'সার্ব মহিলা চ্যাম্পিয়নশিপ ২০২৪' টুর্নামেন্টে ফাইনাল খেলায় স্বাগতিক নেপালকে ২-১ গোলে পরাজিত করে দ্বিতীয়বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বাংলাদেশ নারী ফুটবল দল। এ বিজয় দেশের সকল পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে এক অনন্য অর্জন। এ সাফল্য বিশ্ব ফুটবলে বাংলাদেশ নারী দলের অবস্থান আরো সুসংহত করেছে।

২। বাংলাদেশ নারী দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ ও কর্মকর্তা, বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে নিরলস অনুশীলন ও পরিশ্রমের মাধ্যমে বাংলাদেশ নারী ফুটবল দল ভবিষ্যতেও ভালো ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সম্মিলিতভাবে অবদান রাখবে মর্মে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে উপদেষ্টা পরিষদের ১৫ কার্তিক ১৪৩১/ ৩১ অক্টোবর ২০২৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৩। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

(২৮০০১)
মূল্য : টাকা ৪.০০

উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব

১৫ কার্তিক ১৪৩১
ঢাকা : ৩১ অক্টোবর ২০২৪

সার্ব নারী চ্যাম্পিয়নশিপ ২০২৪ এ শিরোপা জিতেছে বাংলাদেশ নারী ফুটবল দল। এ নিয়ে টুর্নামেন্টের একাধিক্রমে দ্বিতীয় শিরোপা ঘরে তুললো বাংলাদেশ। নেপালের কাঠমান্ডুতে সাত দলের অংশগ্রহণে বাংলাদেশের অবস্থান ছিলো গ্রুপ 'এ'-তে। এই গ্রুপে অন্য দু'টি দল ছিল ভারত ও পাকিস্তান। গত ৩০ অক্টোবর ২০২৪ তারিখে নেপালের দশরথ রঞ্জাশালা স্টেডিয়ামে অনুষ্ঠিত সপ্তম 'সার্ব মহিলা চ্যাম্পিয়নশিপ ২০২৪' টুর্নামেন্টে ফাইনাল খেলায় স্বাগতিক নেপালকে ২-১ গোলে পরাজিত করে দ্বিতীয়বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বাংলাদেশ নারী ফুটবল দল। এই টুর্নামেন্টের গ্রুপ পর্বে বাংলাদেশ পাকিস্তানের সঙ্গে ১-১ গোলে ড্র এবং ভারতকে ৩-১ গোলের ব্যবধানে পরাজিত করে নক আউট পর্বে ওঠার যোগ্যতা অর্জন করে। সেমি-ফাইনালে বর্তমান চ্যাম্পিয়ন বাংলাদেশ ভুটানকে ৭-১ গোলের বড় ব্যবধানে পরাজিত করে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে এবং ফাইনালে স্বাগতিক নেপালকে ২-১ গোলে পরাজিত করে দ্বিতীয় বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এ বিজয় দেশের সকল পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে এক অনন্য অর্জন। এ সাফল্য বিশ্ব ফুটবলে বাংলাদেশ নারী দলের অবস্থান আরো সুসংহত করেছে।

উপদেষ্টা পরিষদ বাংলাদেশ নারী দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ ও কর্মকর্তা, বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। নিরলস অনুশীলন ও পরিশ্রমের মাধ্যমে বাংলাদেশ নারী ফুটবল দল ভবিষ্যতেও ভালো ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সম্মিলিতভাবে অবদান রাখবে মর্মে উপদেষ্টা পরিষদ দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd